# মাদক নির্মূলে সামাজিক আন্দোলনের বিকল্প নেই: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

শুধু আইন প্রণয়ন কিংবা শাস্তির বিধান করে মাদক নির্মূল করা সম্ভব নয় বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকারমন্ত্রী ও বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, রাজনৈতিক দলসহ সমাজের সব শ্রেণি-পেশার মানুষকে সম্পৃক্ত করে সামাজিক আন্দোলনের মাধ্যমে মাদকবিরোধী কার্যক্রম জোরদার করতে হবে।

মঙ্গলবার (২৮ জুলাই) দুপুরে ঠাকুরগাঁও জেলা প্রশাসকের কার্যালয়ে আয়োজিত এক মাদকবিরোধী সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মির্জা ফখরুল বলেন, ঠাকুরগাঁওয়ে সবাইকে সঙ্গে নিয়ে মাদকের বিরুদ্ধে অভিযান শুরু হয়েছে। এই উদ্যোগকে একটি বৃহত্তর সামাজিক আন্দোলনে রূপ দিতে হবে। এর কোনো বিকল্প নেই। সম্মিলিত সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে পারলে মাদক নির্মূলে ইতিবাচক ফল পাওয়া সম্ভব।

সাংবাদিকদের উদ্দেশে তিনি বলেন, মাদকের ক্ষতিকর দিক সম্পর্কে মানুষকে সচেতন করতে গণমাধ্যমকে ইতিবাচক ভূমিকা পালন করতে হবে। মাদক যে ক্ষতিকর এবং এর ব্যবহার থেকে সবাইকে বিরত থাকা উচিত, সে বিষয়ে ব্যাপক প্রচার চালাতে হবে। এভাবেই সম্মিলিতভাবে মাদকবিরোধী কার্যক্রম এগিয়ে নিতে হবে।

LENS ASIA